

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৬, ২০১৯

সূচিপত্র

পৃষ্ঠা নং

১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দণ্ডরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবন্দন প্রজ্ঞাপনসমূহ।

২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদেন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।

৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাস্ট, বিল ইত্যাদি

৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দণ্ডরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

পৃষ্ঠা নং	পৃষ্ঠা নং
৮৫৩—৮৭১	৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবন্দন ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।
৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়োগে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	৫৫
১৪০৫—১৪৮৩	ক্রোড়পত্র—সংখ্যা
(১)	সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।
(২)	বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।
(৩)	বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।
(৪)	কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চাউলাদেশের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।
(৫)	তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাম্ভাব্য পরিসংখ্যান।
(৬)	তারিখে সমাপ্ত বাংসারিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাংসারিক গ্রন্থ তালিকা।

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দণ্ডরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবন্দন প্রজ্ঞাপনসমূহ।

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৩০ আশ্বিন ১৪২৬ ব. / ১৫ অক্টোবর ২০১৯ খ্রি

নং ০৩.৬৮.০১৪.০৩.০০.০৫.২০১৪-৮২৭—বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ভবন নির্মাণ প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

চেয়ারপার্সন

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

সদস্যবৃন্দ

২. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়

৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

৪. সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

৫. মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়

৬. পরিচালক (সংশ্লিষ্ট), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
৭. প্রতিনিধি, অর্থ বিভাগ
৮. প্রতিনিধি, এনইসি-একনেক এবং সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ
৯. প্রতিনিধি, ভৌত ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
১০. প্রতিনিধি (সংশ্লিষ্ট সেট্টর) আইএমইডি
১১. প্রতিনিধি, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
১২. প্রতিনিধি, গণপূর্ত বিভাগ
১৩. প্রতিনিধি, স্থাপত্য অধিদপ্তর
১৪. প্রকল্প পরিচালক, “বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ(বিড়া) ভবন নির্মাণ” প্রকল্প, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ।

সদস্য-সচিব

১৫. পরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৫৩)

০২। কার্যপরিধি :

- (১) পিআইসি'র সুপারিশ পরীক্ষা নিরীক্ষা করে প্রকল্প বাস্তবায়নে উদ্ভূত সমস্যা সমাধানের বিষয়ে পরামর্শ/ গাইডলাইন প্রদান ও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ;
- (২) প্রকল্প সুষ্ঠু ও সময়মত বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা ও নীতি নির্ধারণ;
- (৩) প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যে কোনো বিষয়;
- (৪) কমিটি প্রতি ৩ (তিনি) মাসে কমপক্ষে ১ (এক) বার সভায় মিলিত হবেন;
- (৫) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

নং ০৩.৬৮.০১৪.০৩.০০.০৫.২০১৪-৪২৮—বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ভবন নির্মাণ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিএসসি) নিম্নরূপভাবে পুনর্গঠিত করা হলো :

চেয়ারপার্সন

১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
২. সদস্যবৃন্দ
৩. সচিব, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
৪. পরিচালক (সংশ্লিষ্ট), প্রধানমন্ত্রীর কার্যালয়
৫. পরিচালক (সংশ্লিষ্ট), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
৬. প্রতিনিধি, ভৌত ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
৭. প্রতিনিধি, অর্থ বিভাগ
৮. প্রতিনিধি, এনইসি-একনেক এবং সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ
৯. প্রতিনিধি (সংশ্লিষ্ট সেক্টর) আইএমইডি
১০. প্রকল্প পরিচালক, “বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ(বিড়া) ভবন নির্মাণ” প্রকল্প, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
১১. প্রতিনিধি, স্থাপত্য অধিদপ্তর
১২. নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সংশ্লিষ্ট)
১৩. নির্বাহী প্রকৌশলী (ই/এম) (সংশ্লিষ্ট)
১৪. সদস্য-সচিব

১৪. উপপরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ।

কার্যপরিধি :

- (১) প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা/মতামত প্রদান;
- (২) প্রকল্প বাস্তবায়নকালে কোনো সমস্যা উদ্ভূত হলে তা নিরসনকলে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সুপারিশ;
- (৩) কমিটি প্রতি ৩ (তিনি) মাসে কমপক্ষে ১ (এক) বার সভায় মিলিত হবেন;
- (৪) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

ওয়াহিদা মুসাররত অনীতা
পরিচালক-২।

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

সম্পত্য অধিশাখা

প্রজাপনসমূহ

তারিখ : ২২ আশ্বিন ১৪২৬/০৭ অক্টোবর ২০১৯

নং ০৮.০০.০০০০.০৮১.২৭.০২২.১৯.১৪১—সরকারি কর্মচারী কর্তৃক বিশ্বাস ভঙ্গ করত: ২,৩৭,০০,০০০(দুই কোটি সাইক্রিশ লক্ষ) টাকা আত্মসাতের অভিযোগে জেলা সম্পত্য অফিস/ব্যরো, নওগাঁ এর অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ সাদাম হোসেন এর বিবরণে গত ১৫-০৬-২০১৯ খ্রি: তারিখে জেলা সম্পত্য অফিস/ব্যরো, নওগাঁর সম্পত্য অফিসার (ভারপ্রাপ্ত কর্মকর্তা) জনাব মোঃ নাসির উদ্দিন কর্তৃক নওগাঁ মডেল থানায় ধারা ৪০৯/৪২০ পেনাল কোড-১৮৬০ অনুযায়ী মামলা করা হয়। মামলা নম্বর ৫৬ / ৩৭৮; তারিখ ১৫-০৬-২০১৯ খ্রি:। অপরাধটি দুদক তফশিলভুক্ত হওয়ায় এই মামলার তদন্তের ভাব দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহীকে প্রদান করা হয়। গত ২৫-০৬-২০১৯ খ্রি: তারিখে দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক রাজশাহী জিরো পয়েন্ট এলাকা থেকে জনাব মোঃ সাদাম হোসেন, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে জনাব মোঃ সাদাম হোসেন জামিনের জন্য আবেদন করলে মহামান্য আদালত কর্তৃক ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখে জামিন শুনানির দিন ধার্য করা হয় এবং ঘটনা সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এতদ্সংক্রান্ত বিভাগীয় মামলার নথিসহ আদালতে উপস্থিত হওয়ার নির্দেশ দেয়া হয়। গত ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখে জাতীয় সম্পত্য বিভাগীয় কার্যালয়, রংপুর এর উপ-পরিচালক জনাব মোঃ মহরম আলী; জেলা সম্পত্য অফিস/ব্যরো, নওগাঁর সম্পত্য অফিসার জনাব মোঃ নাসির উদ্দিন এবং জেলা সম্পত্য অফিস/ব্যরো রাজশাহীর সম্পত্য অফিসার জনাব মোঃ আশরাফুল ইসলাম আদালতে উপস্থিত হন। গত ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখে জনাব মোঃ সাদাম হোসেন, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) এর জামিন শুনানি শেষে বর্ণিত ০৩ (তিনি) জন কর্মকর্তা (জনাব মোঃ মহরম আলী, জনাব মোঃ নাসির উদ্দিন ও জনাব মোঃ আশরাফুল ইসলাম) জেলা সম্পত্য অফিস/ব্যরো, নওগাঁ অফিসে ফিরে আসলে দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক জনাব মোঃ মহরম আলী, উপ-পরিচালক, জাতীয় সম্পত্য বিভাগীয় কার্যালয়, রংপুর-কে গ্রেফতার করা হয়।

০২। দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক গত ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখে জাতীয় সম্পত্য বিভাগীয় কার্যালয়, রংপুর এর উপ-পরিচালক জনাব মোঃ মহরম আলী-কে গ্রেফতার করায় বি এস আর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-(২) মতে জনাব মোঃ মহরম আলী, উপ-পরিচালক জাতীয় সম্পত্য বিভাগীয় কার্যালয়, রংপুর-কে সাময়িক বরখাস্ত করা হলো।

০৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ৩০-০৯-২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হতে কার্যকর হবে।

নং ০৮.০০.০০০০.০৪১.২৭.০২৩.১৯.১৪২—সরকারি কর্মচারী কর্তৃক বিশ্বাস ভঙ্গ করতঃ ২,৩৭,০০,০০০(দুই কোটি সাইট্রিশ লক্ষ) টাকা আত্মসাতের অভিযোগে জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো, নওগাঁ এর অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ সাদ্দাম হোসেন এর বিরংদে গত ১৫-০৬-২০১৯ খ্রি: তারিখে জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো, নওগাঁর সঞ্চয় অফিসার (ভারপ্রাণ কর্মকর্তা) জনাব মোঃ নাসির উদ্দিন কর্তৃক নওগাঁ মডেল থানায় ধারা ৪০৯/৪২০ পেনাল কোড-১৮৬০ অনুযায়ী মামলা করা হয়। মামলা নম্বর ৫৬/ ৩৭৮; তারিখ ১৫-০৬-২০১৯ খ্রি:। অপরাধটি দুদক তফশিলভুক্ত হওয়ায় এই মামলার তদন্তের ভাব দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহীকে প্রদান করা হয়। গত ২৫-০৬-২০১৯ খ্রি: তারিখে দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক রাজশাহী জিরো পয়েন্ট এলাকা থেকে জনাব মোঃ সাদ্দাম হোসেন, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) কে ছেফতার করা হয়। পরবর্তীতে জনাব মোঃ সাদ্দাম হোসেন জামিনের জন্য আবেদন করলে মহামান্য আদালত কর্তৃক ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখে জামিন শুনানির দিন ধার্য করা হয় এবং ঘটনা সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এতদ্সংক্রান্ত বিভাগীয় মামলার নথিসহ আদালতে উপস্থিত হওয়ার নির্দেশ দেয়া হয়। গত ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখে জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুর এর উপ-পরিচালক জনাব মোঃ মহরম আলী; জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো, নওগাঁর সঞ্চয় অফিসার জনাব মোঃ নাসির উদ্দিন এবং জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো রাজশাহীর সঞ্চয় অফিসার জনাব মোঃ আশরাফুল ইসলাম আদালতে উপস্থিত হন। গত ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখ জনাব মোঃ সাদ্দাম হোসেন, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) এর জামিন শুনানি শেষে বর্ণিত ০৩ (তিনি) জন কর্মকর্তা (জনাব মোঃ মহরম আলী, জনাব মোঃ নাসির উদ্দিন ও জনাব মোঃ আশরাফুল ইসলাম) জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো, নওগাঁ অফিসে ফিরে আসলে দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক জনাব মোঃ নাসির উদ্দিন, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো, নওগাঁ-কে ছেফতার করা হয়।

০২। দুর্বীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক গত ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখে জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো, নওগাঁ এর সঞ্চয় অফিসার জনাব মোঃ নাসির উদ্দিন-কে ছেফতার করায় বি এস আর পার্ট-১ এর ৭৩ নং বিধির নেট-(২) মতে জনাব মোঃ নাসির উদ্দিন, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যৱৰো, নওগাঁ-কে সাময়িক বরখাস্ত করা হলো।

০৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ৩০-০৯-২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া
সিনিয়র সচিব।

অধিশাখা-২ (কর)

প্রজাপন

তারিখ : ১০ ভদ্র ১৪২৬/২২ আগস্ট ২০১৯

নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮৭.১৭.৫১৫—যেহেতু, জনাব দিপঙ্কর চন্দ্ৰ সরকার, সহকারী কর কমিশনার, কর সার্কেল-১২৯, কর অঞ্চল-৬, ঢাকা এর অফিস কক্ষ থেকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক ২০১৭-১৮ সেশনের এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র/প্রশ্নপত্র সদৃশ ০৩ (তিনি) পাতা (০৫ পৃষ্ঠা), ১৬ (ঘোল) টি এ্যাভিমিট কার্ড, ০২ (দুই)টি এপ্লিকেটেস্ কপি (User ID সহ), ১,০৭,০০,০০০(এক কোটি সাত লক্ষ) টাকার ১৪(চৌদ্দ)টি চেক এর কপি উদ্বার ও জন্ম হওয়ার কারণে উক্ত কর্মকর্তা ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস তথা ফৌজদারী অপরাধের সাথে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রতীয়মান হওয়ায় এ বিভাগের ১১-১০-২০১৭ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮৭.১৭.৬১৭ নম্বর প্রজাপনমূলে তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়;

০২। যেহেতু, জনাব দিপঙ্কর চন্দ্ৰ সরকার, সহকারী কর কমিশনার (সাময়িক বরখাস্ত), কর সার্কেল-১২৯, কর অঞ্চল-৬, ঢাকা এর বিরংদে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(এ) ধারায় বর্ণিত অভিযোগে অভিযুক্ত করে এ বিভাগের ২৪-১২-২০১৭ তারিখে ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮৭.১৭-৮০৮ নম্বর স্মারকে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৩। যেহেতু, জনাব দিপঙ্কর চন্দ্ৰ সরকার উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। কিন্তু কর্তৃপক্ষের নিকট তার দাখিলকৃত লিখিত ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় জনাব মোঃ রাহেমুল ইসলাম, প্রথম সচিব (কর প্রশাসন) (উপসচিব), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক ২৬-০৬-২০১৯ তারিখের প্রতিবেদনে তার বিরংদে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(এ) ধারার উপাদান নেই মর্মে মত প্রদান করা হয়;

০৪। যেহেতু, জনাব দিপঙ্কর চন্দ্ৰ সরকার এর বিরংদে কলাবাগান থানায় ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা অপরাধ আইন এর ৪২ নং ধারায় ৪/৩ এ মামলা দায়ের করা হয়। মামলাটি সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক তদন্তে তার বিরংদে এজাহারে আনীত অভিযোগসমূহের সহি কোনো সংশ্লিষ্টতা না পেয়ে মামলার চূড়ান্ত রিপোর্ট ০৩-০৬-২০১৯ তারিখে আদালতে দাখিল করেন। বিজ্ঞ আদালত তা ১৬-০৭-২০১৯ তারিখে চূড়ান্ত রিপোর্ট প্রাপ্ত করে আদেশ জারি করেন এবং উক্ত মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়;

০৫। সেহেতু, জনাব দিপঙ্কর চন্দ্ৰ সরকার, সহকারী কর কমিশনার (সাময়িক বরখাস্ত), কর অঞ্চল-৬, ঢাকা এর বিরংদে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(এ) ধারায় বর্ণিত অভিযোগে হতে অব্যাহতি প্রদানসহ জনাব দিপঙ্কর চন্দ্ৰ সরকার-কে চাকরি হতে সাময়িক বরখাস্ত সংক্রান্ত আদেশ (প্রজাপন নম্বর : ০৮.০০.০০০০.০৩৭.০২৭.০৮৭.১৭.৬১৭ তারিখ : ১১-১০-২০১৭ এতদ্বারা প্রত্যাহার করা হলো। জনাব দিপঙ্কর চন্দ্ৰ সরকার এর চাকরি হতে সাময়িক বরখাস্তকালীন সময় চাকরিকাল হিসেবে গণ্য হবে।

০৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৭

আদেশ

তারিখ : ১৫ অক্টোবর ২০১৯ খ্রি:

নং বিচার-৭/২এন-১১৬/৮০-৩৬৭—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্পর্কে হইয়া আপনাকে মোহাম্মদ আবুল বাশার, পিতা-মৃত ধন মিয়া, মাতা-মোছাঃ জামেনা বেগম, গ্রাম-আমানীপুর, ডাকঘর-কৃষ্ণপুর, থানা-খালিয়াজুরী, জেলা-নেত্রকোণা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোণা জেলার খালিয়াজুরী উপজেলার ০৩ নং খালিয়াজুরী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনৱেপ স্থগিতাদেশ/নির্মেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বুলবুল আহমেদ

সিনিয়র সহকারী সচিব।

আদেশ

তারিখ : ২১ অক্টোবর ২০১৯ খ্রি:

নং বিচার-৭/২-এন-৪৩/২০০৪-৩৭১—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্পর্কে হইয়া আপনাকে মোঃ আবুল কাদের, পিতা-মোঃ ইউনুচ আলী বিশ্বাস, মাতা-মাজেদা বেগম, গ্রাম-খড়িগঠ নওদাপাড়া, ডাকঘর-স্বরূপদাহ, উপজেলা-চৌগাছা, জেলা-ঘোর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যশোর জেলার চৌগাছা উপজেলার ৯নং স্বরূপদাহ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতবষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনৱেপ স্থগিতাদেশ/নির্মেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক
সিনিয়র সহকারী সচিব।**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রশাসন-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০১ কার্তিক ১৪২৬/১৭ অক্টোবর ২০১৯

নং ২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.১৬-১৫৬—রাজামাটি গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব সুকমল চাকমা দুর্নীতি দমন কমিশন কর্তৃক গ্রেফতার হওয়ায় এ মন্ত্রণালয়ের ১২ ডিসেম্বর ২০১৭ তারিখের ২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.১৬-১৩৬ নম্বর প্রজ্ঞাপন মারফত তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

০২। পরবর্তীতে বিজ্ঞ মহানগর দায়রা জজ আদালতের ০১-০৮-২০১৯ তারিখে প্রদত্ত রায়ে তদন্তকারী কর্মকর্তার আবেদন মন্ত্রের ক্রমে Not sent up কৃত আসামী জনাব সুকমল চাকমা-কে উক্ত মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হয়।

০৩। আদালত কর্তৃক মামলার দায় হতে অব্যাহতি প্রদান কর্মকর্তার আবেদন মন্ত্রের ক্রমে তার সাময়িক বরখাস্তকালীন সময় চাকরিকাল হিসেবে গণ্য হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব।**

প্রশাসন শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ : ২১ আশ্বিন ১৪২৬/০৬ অক্টোবর ২০১৯

নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০২.১৯-৩২৫—যেহেতু, জনাব মোহাম্মদ জুবায়ের আহমেদ, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), ইডেন ভবন গণপূর্তি উপ বিভাগ-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় কর্মরত অবস্থায় ইডেন ভবন গণপূর্তি উপ বিভাগ-১ এর উপ বিভাগীয় প্রকৌশলীর ব্যবহৃত গাড়ী (ঢাকা মেট্রো গ-৩৯-৮০২৩) ইডেন ভবন গণপূর্তি বিভাগের সম্মুখে পার্কিং থাকা অবস্থায় ১১-১০-২০১৮ তারিখ ০৩(তিনি)টি চাকা পাংচারের সাথে সংশ্লিষ্ট রয়েছেন মর্মে গণপূর্তি অধিদপ্তর হতে গঠিত প্রাথমিক তদন্ত কমিটির প্রতিবেদনে মতামত প্রদান করা হয়। সে কারণে গণপূর্তি অধিদপ্তর হতে তাকে ০৮-১১-২০১৮ তারিখ কারণ দর্শনো হয় এবং পরবর্তীতে তার আবেদনের পরিপ্রেক্ষিতে জবাব দাখিলের জন্য অতিরিক্ত ১০ কার্য দিবস সময় বৃদ্ধি করা হয় কিন্তু তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান করেননি। সে কারণে তার বিরুদ্ধে “অসদাচরণ” ও “নাশকতা” এর অভিযোগে ০২/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রঞ্জু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলায় লিখিত জবাব প্রদান করেন এবং তার ব্যক্তিগত শুনান গ্রহণক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা যথাসময়ে কারণ দর্শনো নোটিশের জবাব না দিয়ে অসদাচরণ করেছেন এবং তিনি উল্লিখিত ঢাকা মেট্রো গ-৩৯-৮০২৩ নম্বরের গাড়ীটি ঢাকা বিনষ্টের সাথে জড়িত অর্থাৎ তিনি দোষী মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন;

যেহেতু, বিভাগীয় মামলার নথি, তদন্তকারী কর্মকর্তার মতামত পর্যালোচনা এবং সার্বিক বিবেচনায় যদিও একটি ধর্তব্য অপরাধ কিন্তু গুরুতর নয়;

সেহেতু, জনাব মোহাম্মদ জুবায়ের আহমেদ, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), ইডেন ভবন গণপূর্তি উপ বিভাগ-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে “অসদাচরণ” ও “নাশকতা” এর অভিযোগে রঞ্জুকৃত ০২/২০১৯ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) অনুযায়ী “তিরক্ষার” দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ১১ কার্তিক ১৪২৬/২৭ অক্টোবর ২০১৯

নং ৪৩.০০.০০০০.১১৮.১৪.৬৬৬.১৮-৬০১—সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাবীন উন্নয়ন প্রকল্পের আওতায় শৈলজারঞ্জন সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। শৈলজারঞ্জন সাংস্কৃতিক কেন্দ্র, নেত্রকোণা পরিচালনার জন্য নিম্নবর্ণিতভাবে উপদেষ্টা কমিটি গঠন করা হলো:

সভাপতি

১. জনাব সাজাদুল হাসান
পিতা : ডাঃ আখলাকুল হোসাইন আহমেদ
প্রাক্তন গণপরিষদ সদস্য
উপজেলা : মোহনগঞ্জ, জেলা : নেত্রকোণা।

সদস্যবৃন্দ

২. ড. রফিক উল্লাহ খান, উপাচার্য
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।
৩. জনাব যতীন সরকার, প্রাবন্ধিক ও শিক্ষাবিদ মানবগুষ্ঠ (আর. কে. মিশনের পার্ষে), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. যুগ্মসচিব, সাংস্কৃতিক ঐতিহ্য-২, সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়।
৫. জেলা প্রশাসক, নেত্রকোণা-এর প্রতিনিধি
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা
৮. কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, নেত্রকোণা।
৯. চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংশ্লিষ্ট সদস্য, জেলা পরিষদ, নেত্রকোণা।

সদস্য-সচিব

১১. পরিচালক, শৈলজারঞ্জন সাংস্কৃতি কেন্দ্র, মোহনগঞ্জ, নেত্রকোণা।

কমিটির কার্যপরিধি :

- (ক) পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ হতে ০৪ (চার) বছরের জন্য সদস্য পদে বাহাল থাকবেন। তবে শর্ত থাকে যে সরকার যে কোনো সময়ে যে কোনো মনোনীত সদস্যের সদস্য পদ বাতিল করতে পারবে কিংবা উপদেষ্টা পরিষদ পুনর্গঠন করতে পারবে এবং মনোনীত কোনো সদস্য যে কোনো সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে একমাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ ত্যাগ করতে পারবেন; এবং
- (খ) সংস্কৃতি কেন্দ্র পরিচালনার নীতি-নির্ধারণী প্রয়োজনীয় উপদেশ/পরামর্শ প্রদান করবেন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংস্কৃতি কেন্দ্র পরিচালনায় সম্ভাব্য সহযোগীয়তা প্রদান করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। আদেশ জারির তারিখ থেকে উল্লিখিত কমিটি কার্যকর মর্মে গণ্য করা হবে।

আহমেদ শিবলী
সিনিয়র সহকারী প্রধান।

পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-০১ শাখা

আদেশ

তারিখ : ১১ কার্তিক ১৪২৬/২৭ অক্টোবর ২০১৯

নং ৪২.০০.০০০০.০৩১.২৪.২৩২.১৮-৬৭৮—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর নিম্নবর্ণিত ২২ (বাইশ) ক্যাটাগরির ৪৪ (চুয়াল্লিশ)টি পদ ০১-০৬-২০১৯ হতে ০১-০৫-২০২০ পর্যন্ত সংরক্ষণে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৫-০৪-২০১৯ খ্রি: তারিখের স্মারক নং-০৭.১৫৩.০১৫.০৬.০০.০১.২০১৭-১২২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে সওব্য-৮ অধিশাখা ১৫-১০-২০১৯ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৫৭.১৫.০২২.২০১৯-২১৯ এর নির্দেশনা মোতাবেক আদিষ্ট হয়ে সরকারি মঙ্গুরি জ্ঞাপন করা হলো।

ক্রমিক নং	পদ নাম	অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	মন্তব্য
১.	সদস্য	সরকার কর্তৃক নিজ বেতনক্রমে নিয়োগযোগ্য	০১ (এক)টি	
২.	পরিচালক	৫০০০০-৭১২০০/- (৪৮ গ্রেড)	০১ (এক)টি	
৩.	নির্বাহী প্রকৌশলী	৮৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড)	০৩ (তিনি)টি	
৪.	উপ-বিভাগীয় প্রকৌশলী	৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড)	০৬ (ছয়)টি	
৫.	সহকারী প্রকৌশলী	২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	০২ (দুই)টি	
৬.	সহকারী পরিচালক/সহকারী কারিগরি কর্মকর্তা	২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	০১ (এক)টি	
৭.	প্রটোকল অফিসার	১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড)	০১ (এক)টি	
৮.	হিসাব রক্ষক	১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড)	০১ (এক)টি	
৯.	উপ-সহকারী প্রকৌশলী	১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড)	০১ (এক)টি	
১০.	সহকারী গ্রাহণার্থী	১২৫০০-৩০২৩০/- (১১তম গ্রেড)	০১ (এক)টি	
১১.	নকশাকারক	৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড)	০২ (দুই)টি	
১২.	সাঁট লিপিকার কাম পিএ	১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড)	০২ (দুই)টি	
১৩.	সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর	১২৫০০-৩০২৩০/- (১১তম গ্রেড)	০২ (দুই)টি	
১৪.	হিসাব সহকারী	৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড)	০১ (এক)টি	
১৫.	উচ্চমান সহকারী	৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড)	০১ (এক)টি	
১৬.	জরিপকারী	৯৭০০-২৩৪৯০/- (১৫তম গ্রেড)	০১ (এক)টি	
১৭.	অফিস সহকারী	৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড)	০১ (এক)টি	
১৮.	গ্রাহণার সহকারী	৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড)	০১ (এক)টি	
১৯.	টেলিফোন অপারেটর তথা অভ্যর্থনাকারী	৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড)	০১ (এক)টি	
২০.	ডাটা এন্ট্রি অপারেটর কাম টাইপিস্ট	৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড)	০৪ (চার)টি	
২১.	গাড়ী চালক	৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড)	০৩ (তিনি)টি	
২২.	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড)	০৭ (সাত)টি	

২। উপর্যুক্ত স্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুযায়ীক ব্যয় ২০১৮-২০১৯ অর্থ বছরে সাংবিধানিক কোড নং-৩, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় পরিচালন ইউনিট-৩২৮৩, প্রাতিষ্ঠানিক কোড-৪৭০৫, অর্থনৈতিক কোড-৫৯০১ (সাধারণ মঙ্গুরি) ও অন্যান্য মঙ্গুরি বেতন বাবদ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে মিটানো হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ মার্চ, ২০১৮ তারিখের পরিপত্র নং-০৫.১৫২.০১৫.০২.০০.০১৭.২০১২-৬৮ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

৪। যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর ২৪ (চুয়াল্লিশ) ক্যাটাগরির ৪৪ (চুয়াল্লিশ)টি পদ অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য সুপারিশকৃত চতুর্থ শ্রেণির পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে;

৫। এ আদেশ জারিতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন হয়েছে।

এম. শান-ই-আলম মিষ্টি
সিনিয়র সহকারী সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা**

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ আশ্বিন ১৪২৬/১৫ অক্টোবর ২০১৯

নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.১৯-২৫২—যেহেতু, জনাব জাকির হোসেন (পরিচিতি নম্বর ৬০২১৮৬), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, সড়ক বিভাগ, বরগুনা {প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক বিভাগ, শরীয়তপুর} শরীয়তপুর-চাঁদপুর আঞ্চলিক মহাসড়কে চলমান PMP (মেজর) কাজের বাস্তবায়নকারী কর্মকর্তা হিসেবে নিয়োজিত ছিলেন। গত ১৬-০১-২০১৯ তারিখে ‘দৈনিক প্রথম আলো’ পত্রিকায় “শরীয়তপুর-চাঁদপুর সড়কে অনিয়মের অভিযোগ, কাজ বন্ধ করে দিল এলাকাবাসী” মর্মে প্রকাশিত খবরের ভিত্তিতে বিষয়টি অনুসন্ধানের জন্য এ বিভাগ কর্তৃক গঠিত তদন্ত কমিটি গত ২৫-০১-২০১৯ তারিখ সরেজমিন প্রকল্প এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে কমিটি দেখতে পায় যে, বেইস কোর্সে Crushed Stone ব্যবহারের কথা থাকলেও এর সাথে কিছু Single Stone ব্যবহার করা হয়েছে। Mix design এর ক্ষেত্রে Sand এর FM 1.5 এর উপর ব্যবহারের নিয়ম থাকলেও বেইস কোর্স খুঁড়ে Sand এর FM 1.5 এর কম পাওয়া যায়। DBS এর কাজে Single Stone ব্যবহারের সুযোগ না থাকলেও কিছু Single Stone ব্যবহার করা হয়েছে এবং Specification অনুযায়ী এ ক্ষেত্রে Sylhet Sands কম ব্যবহার করা হয়েছে। বেইস কোর্সের উপরের স্তরে প্রয়োজনীয় পরিস্কারকরণ কাজ সম্পূর্ণ না করে Prime Coat ব্যবহার করা হয়েছে। কাজটি যথাযথভাবে মনিটরিং না করায় কাজের মান Specification অনুযায়ী সম্পন্ন হয়নি;

এবং

যেহেতু, দরপত্র অনুমোদন পত্রে ০৬ নম্বর শর্তানুযায়ী ‘কাজের গুণগতমান স্পেসিফিকেশন অনুযায়ী হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সরেজমিন নিশ্চিত করবেন’ এবং ০৭ নম্বর শর্তানুযায়ী ‘দরপত্রের স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান বজায় রেখে ঠিকাদার কাজ সম্পাদন করতে না পারলে তার দায়-দায়িত্ব কাজ বাস্তবায়নকারী ও তত্ত্বাবধানকারী প্রকৌশলীগণের উপর ব্যক্তিগতভাবে বর্তাবে’ উল্লেখ থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী অর্থাৎ বাস্তবায়নকারী কর্মকর্তা হিসেবে তার উপর অপিত দায়িত্ব যথাযথভাবে পালনে চরমভাবে ব্যর্থ হয়েছেন;

এবং

যেহেতু, দরপত্রের শর্তানুযায়ী তার দায়িত্ব নির্ধারণ থাকা সত্ত্বেও তিনি কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন এতে জনস্বার্থ দারণভাবে বিস্তৃত হয়েছে ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

এবং

যেহেতু, তার উপরোক্ত কার্যকলাম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণ;

এবং

যেহেতু, তার উপরোক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর পর্যায়ভুক্ত হওয়ায় তাঁকে উক্ত অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (নম্বর ০৪/২০১৯) বঞ্জু করা হয়;

এবং

যেহেতু, উক্তবৃপ্ত কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক “চাকরি হতে বরখাস্ত” করা হবে না বা উপর্যুক্ত অন্য কোনো শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানো জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করাতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ২৮-০৪-২০১৯ তারিখ তার বিবর্ণে বঞ্জুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা প্রকাশ করেন। সে প্রেক্ষিতে গত ২০-০৫-২০১৯ তারিখ তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সতোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপপ্রধান জনাব মোঃ সামীমুজামান-কে গত ১৮-০৬-২০১৯ তারিখ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব জাকির হোসেন-এর বিবর্ণে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক গত ১৮-০৯-২০১৯ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু, এক্ষণে, জনাব জাকির হোসেন (পরিচিতি নম্বর ৬০২১৮৬), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, সড়ক বিভাগ, বরগুনা {প্রাক্তন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক বিভাগ, শরীয়তপুর}-এর বিবর্ণে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ”-এর অভিযোগ রঞ্জুকৃত বিভাগীয় মামলার (নম্বর-০৪/২০১৯) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম
সচিব।

রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৫৪.০০.০০০০.০১৩.০০৭.৮২.২০১৮-৩৬১—জিটুজি পিপিপি পদ্ধতিতে ‘কমলাপুর মাল্টিমোডাল ট্রান্সপোর্ট হাব’ নির্মাণ বিষয়ে Professional Technical Team নিম্নরূপভাবে গঠন করা হলো :

1.	Secretary, Ministry of Railways	Chief Coordinator
2.	Additional Director General (Infrastructure), Bangladesh Railways	Coordinator
3.	Representatives from Public Private Partnership Authority (PPPA), Bangladesh Railway, RAJUK, Dhaka Transport Coordination Authority (DTCA), Dhaka South City Corporation (DSCC), Bangladesh University of Engineering and technology (BUET).	Bangladeshi Members*
4.	Kajima, Oriental Consultants global and Nippon Koei as core members of SWG.	Japanese Member
5.	Representatives from Dhaka Mass Transit Company Ltd. (DMTCL), Bangladesh Road Transport Corporation (BRTC), Bangladesh Bridge Authority (BBA).	Bangladeshi Observer
6.	Representatives from Ministry of Land Infrastructure/Transport and Tourism (MLTT).	Japanese Observer
7.	Public Private Partnership Authority (PPPA), Dhaka	Secretary in Dhaka**
8.	Project Leader of Kajima as Lead Company of SWG	Secretary in Tokyo**

*Director in charge of PPP Projects of a focal authority and/or Project Director of public transport service projects to be connected to or with the MmTH will be selected as the Member or the Observer for each agency.

**Role of the secretary includes i] availability confirmation of members and observers, ii] deliver of meeting notices with agenda, and iii] set up a meeting room with meeting facilities (e.g: computer connected with Skype, projector).

ToR of the committee

- Review the proposal of the Sub-Working Group (SWG) for developing Multimodal Transport Hub (MmTH) at Kamlapur.
 - Advise and/or recommend to the Government of Bangladesh (GoB) on the implementation plan of the MmTH at Kamlapur.
- ২। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবী কবীর
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৫৯.০০.০০০০.১০৯.১৯.০৩৬.১৯-২৬৫—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন দেশের সরকারি মেডিকেল কলেজ এবং সরকারি ডেন্টাল কলেজে পদ এর স্ট্যান্ডার্ড সেট আপ প্রণয়নের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

সভাপতি

- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

সম্বন্ধ

- যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

- স্বাস্থ্য অধিদপ্তর এর প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিল্লেখ নহে)
- অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা
- অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা

সম্বন্ধ-সচিব

- সরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজের পদবিন্যাস প্রস্তুতকরণ (প্রভায়ক হতে অধ্যাপক)।
- সরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজের কর্মচারীদের পদবিন্যাস প্রস্তুতকরণ (থেড ০৯ হতে ২০ পর্যন্ত)।
- সরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজের টিওএন্টইতে যানবাহন অন্তর্ভুক্তিকরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ মোহসীন উদ্দিন
উপসচিব।

**স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
আদেশ**

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৬/১০ অক্টোবর ২০১৯

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৬-৫৩৭—যেহেতু, মরহুম ডাঃ সৈয়দ তোহিদ হাসান (৪০৮০৯), প্রাক্তন সিনিয়র কনসালটেট, চক্ষু, আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁও গত ২৫-১১-২০১৪ হতে ২৩-০৫-২০১৫ পর্যন্ত এবং গত ০১-০৬-২০১৬ হতে অদ্যাবধি কর্মসূলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) (বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি) মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মসূলে অনুপস্থিতি’ এর দায়ে ১৬-০৮-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৬-৫৮৮ নং স্মারকে বিভাগীয় মামলা রঞ্জু করে কারণ দর্শনো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিসের জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেননি;

যেহেতু, তিনি ১০-১২-২০১৬ তারিখে চাকরিতে থাকাকালীন অবস্থায় ইন্টেকাল করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগটি স্বাস্থ্য অধিদণ্ডের পরিচালক (প্রশাসন) ১৯-০৭-২০১৬ তারিখের স্বাক্ষরে মন্ত্রণালয়ে প্রাপ্ত হয়;

সেহেতু, মরহুম ডাঃ সৈয়দ তোহিদ হাসান (৪০৮০৯), প্রাক্তন সিনিয়র কনসালটেট, চক্ষু, আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁও গত ১০-১২-২০১৬ তারিখে চাকরিতে থাকাকালীন অবস্থায় ইন্টেকাল করায় এর বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ২৫-১১-২০১৪ হতে ২৩-০৫-২০১৫ তারিখ পর্যন্ত ৫ মাস ১৮ দিন এবং ০১-০৬-২০১৬ হতে ১৯-০৭-২০১৬ তারিখ পর্যন্ত ১ মাস ১৮ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্চুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আসাদুল ইসলাম
সচিব।

[একই নথর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে]

আদেশ

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৬/১০ অক্টোবর ২০১৯

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৫.২০১৯-৫৩৮—যেহেতু, ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), সিভিল সার্জন, নওগাঁ “বাধন ইন্টারন্যাশনাল সার্টিস লিমিটেড NGO এর সাথে যোগসাজসে জেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে অবৈধভাবে ৯০ (নবই) জন অফিস সহায়ক পদে জনবল নিয়োগের প্রক্রিয়ায় সহযোগিতা করেছেন”, যা কোনভাবেই আইনসঙ্গত নয় বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ০৭-০৮-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৯২.১৯-৪৫৬ নং স্মারকে বিভাগীয় মামলা রঞ্জু করে কারণ দর্শনো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১২-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ আংশিক প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), সিভিল সার্জন, নওগাঁ এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ আংশিক প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আগমনী ০১ (এক) বৎসরের জন্য স্থগিত করার দণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্ত সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আসাদুল ইসলাম
সচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ অক্টোবর ২০১৯

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১১৯.১৯-৫৭০—যেহেতু, ডাঃ মুহাম্মদ নাজমুল হক লক্ষ্ম (১২৮৪০৯), আবাসিক মেডিকেল অফিসার, ২৫০ শয়া বিশিষ্ট জেনারেল হাসাপাতাল, গোপালগঞ্জের বিরুদ্ধে নারী ও শিশু-৩৪৯/১৮, ধারা নারী ও শিশু, নির্যাতন দমন আইন ২০০০ (সং/০৩) এর ১১(গ) মোতাবেক মামলায় বিজ্ঞ আদালত, গোপালগঞ্জের মাধ্যমে ২৫-০৫-২০১৯ তারিখে তাকে জেলহাজতে প্রেরণ করা হয়;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মুহাম্মদ নাজমুল হক লক্ষ্ম (১২৮৪০৯), আবাসিক মেডিকেল অফিসার, ২৫০ শয়া বিশিষ্ট জেনারেল হাসাপাতাল, গোপালগঞ্জকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ২৫-০৫-২০১৯ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্ত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আসাদুল ইসলাম
সচিব।

ଆଦେଶାବଳୀ

তারিখ : ০৫ কার্তিক ১৪২৬/২০ অক্টোবর ২০১৯

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৮-৫৭১—যেহেতু, ডাঃ
মোঃ আব্দুল কাদের (১১০৮৩৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার
পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া
প্রতিষ্ঠান প্রধান হওয়া সত্ত্বেও গত ০৮-১১-২০১৮ তারিখে আকস্মিক
পরিদর্শনে অফিস চলাকালীন সময়ে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যা
সরকারী কর্মচারী হিসেবে কর্তব্যে চৰম অবহেলার সামিল বিধায় তার
বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর
৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ১০-১২-২০১৯ তারিখে
৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৯-৪৬৭ নং স্মারকে বিভাগীয়াল
মামলা রঞ্জু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মালমার কারণ-দর্শনে নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৫-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ মোঃ আব্দুল কাদের (১১০৮৩০), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সত্ত্বায়জনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিবিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাঁকে ভবিষ্যতে কর্তব্য পালনের ক্ষেত্রে আরও যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য বলা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৮-৫৭২-যেহেতু, ডাঃ
মোকছেদা খাতুন (১২৬৩৬৮), আবাসিক মেডিকেল অফিসার
(ভারপ্রাপ্ত), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শরেপুর, বগুড়া গত ০৮-১১-
২০১৮ খ্রি: তারিখে আকস্মিক পরিদর্শনে অফিস চলাকালীন সময়ে
কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যা সরকারি কর্মচারী হিসেবে কর্তব্যে চরম
অবহেলার সামিল বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও
আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’
এর দায়ে ১০-১২-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.
২০১৯-৮৭ নং স্মারকে বিভাগীয় মামলা রঞ্জু করে কারণ দর্শানো
নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মালমার কারণ-দর্শনে নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৫-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বজ্রব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ মোকছো খাতুন (১২৬৩৬৮), আবাসিক মেডিকেল
অফিসার (ভারপ্রাণ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া এর
বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী
সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা
ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’
এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাঁকে ভবিষ্যতে কর্তব্য
পালনের ক্ষেত্রে আরও যত্নশীল ও দায়িত্বাবল হওয়ার জন্য বলা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৮-৫৭৩—যেহেতু, ডাঃ
মোঃ সাজিদ হাসান সিদ্দিকী (১৩২৩৮৭), মেডিকেল অফিসার,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া গত ০৮-১১-২০১৮ খ্রি:
তারিখে আকস্মিক পরিদর্শনে অফিস চলাকালীন সময়ে কর্মস্থলে
অনুপস্থিত ছিলেন, যা সরকারী কর্মচারী হিসেবে কর্তব্যে চৰম
অবহেলার সামিল বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও
আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’
এর দায়ে ১০-১২-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.
২০১৯-৪৭০ নং স্মারকে বিভাগীয় মামলা রঞ্জু করে কারণ দর্শনো
নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনোনোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৫-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযন্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ মোঃ সাজিদ হাসান সিদ্দিকী (১৩২৩৮৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমিশনার, শেরপুর, বগুড়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ, নিখিত জবাব ও ব্যক্তিগত শুননী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শুঁজুলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাঁকে ভবিষ্যতে কর্তব্য পালনের ক্ষেত্রে আরও যত্নশীল ও দায়িত্বান্ব হওয়ার জন্য বলা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৮-৫৭৪—যেহেতু, ডাঃ
আলিয়া ফারজানা (১৩৪২২২), মেডিকেল অফিসার, সীমাবাড়ী
উপ-স্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া গত
০৮-১১-২০১৮ খ্রি: তারিখে আকস্মিক পরিদর্শনে অফিস চলাকালীন
সময়ে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যা সরকারী কর্মচারী হিসেবে
কর্তব্যে চরম অবহেলার সামিল বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী
(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক
'অসদাচরণ' এর দায়ে ১০-১২-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.
০০.১১১.২০১৯-৮৬৯ নং স্মারকে বিভাগীয় মামলা রঞ্জু করে কারণ
দর্শনো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মালার কারণ-দর্শনোনোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৫-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ আলিয়া ফারজানা (১৩৪২২২), মেডিকেল অফিসার, সীমাবাড়ী উপ-স্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ, নির্ধিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শুঁজুলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাঁকে ভবিষ্যতে কর্তব্য পালনের ক্ষেত্রে আরও যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য বলা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৮-৫৭৫—যেহেতু, ডাঃ মাহজাবীন আক্তার (১৩৩৫৪৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া গত ০৮-১১-২০১৮ খ্রি: তারিখে আকস্মিক পরিদর্শনে অফিস চলাকালীন সময়ে কর্মসূলে অনুপস্থিত ছিলেন, যা সরকারী কর্মচারী হিসেবে কর্তব্যে চৰম অবহেলার সামিল বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ১০-১২-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১৯-৪৬৮ নং স্মারকে বিভাগীয় মামলা রঞ্জু করে কারণ দর্শনো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৫-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ মাহজাবীন আক্তার (১৩৩৫৪৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর, বগুড়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে অব্যাহতি প্রদান করা হলো। তাঁকে ভবিষ্যতে কর্তব্য পালনের ক্ষেত্রে আরও যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য বলা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মুজিবর রহমান
অতিরিক্ত সচিব।

আদেশ

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬/২১ অক্টোবর ২০১৯

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫১.২০১৯-৫৭৭—যেহেতু, ডাঃ মারুফ আহমদ (১১২২৫৩), সহকারী অধ্যাপক, ইউরোপিজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত: শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ০৬-১০-২০১৮ তারিখ হতে অদ্যবাদি কর্মসূলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর দায়ে ২৭-০৫-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫১.২০১৯-৩৩৮ নং স্মারকে বিভাগীয় মামলা রঞ্জু করে কারণ দর্শনো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ১২-০৯-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মারুফ আহমদ (১১২২৫৩), ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মারুফ আহমদ (১১২২৫৩), সহকারী অধ্যাপক, ইউরোপিজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত: শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ০১(এক)টি বাস্তৱিক বেতন বৃদ্ধি আগমনী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘু দণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর গত ০৬-১০-২০১৮ হতে আদেশ জারির তারিখ পর্যন্ত কর্মসূলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মণ্ডে করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্ত সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুল ইসলাম
সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ কার্তিক ১৪২৬ বজাদ/২৭ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০১.১৭-১১৫৭—চাঁদপুর জেলার হাজীগঞ্জ পৌরসভার ৮নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলের জনাব কাজী দুলাল এর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক গেজেট প্রজ্ঞাপন জারির তারিখ হতে সরকার উক্ত ওয়ার্ড কাউন্সিলের এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ ফারুক হোসেন
উপ সচিব।

জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-১(১) অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ আশ্বিন ১৪২৬/১৪ অক্টোবর ২০১৯

নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৬.২০১৯-৫৬১—যেহেতু, জনাব মুহাম্মদ গোলামুর রহমান (পরিচিতি নম্বর-৬৮০৪), বর্তমানে পরিচালক (উপসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱৰো, ঢাকা ০৯-১০-২০১৮ হতে ২৮-১১-২০১৮ তারিখ পর্যন্ত জেলা প্রশাসক, নাটোর হিসেবে কর্মকালে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-১১-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৩১.১৯.০০৩.১৮-৯৩৫ নম্বর প্রজ্ঞাপনমূলে তাকে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (উপসচিব), নাটোর হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব) হিসেবে বদলি করা হয়। জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর হতে ২৮-১১-২০১৮ তারিখের ০৫.৪৩.৬৯০০.০০৭.৩৩.০০১.১৮-৬৯৬ নম্বর অফিস আদেশ মোতাবেক তিনি ২৮-১১-২০১৮ তারিখ পূর্বাঙ্গে তার দায়িত্বভার অপণপূর্বক অবমুক্ত হলেও নির্ধারিত সময় অতিক্রম হওয়ার ৪৮ দিন পর তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদানপ্রাপ্ত দাখিল করেন;

০২। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের লেটার হেড ব্যবহার করে ২৩-১২-২০১৮ তারিখ রাত ১২.৪৫ মিনিটে তার যোগদানপত্র তিনি নিজেই এনডোরসড করতঃ এর কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের পিএসিসি'র সিস্টেম এনালিস্ট-এর ই- মেইলে প্রেরণ করেন ;

০৩। তিনি পরবর্তীতে ০৬-১২-২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে “অদ্য যোগদান করলাম” মর্মে উল্লেখ করে যোগদানপত্র প্রেরণ করেছেন। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবের দণ্ডের পত্র গ্রহণ রেজিস্টার হতে দেখা যায় তিনি অবযুক্ত হওয়ার ৪৮ দিন পর অর্ধাং ১৪-০১-২০১৯ তারিখে সচিবের দণ্ডের যোগদানপত্র দাখিল করেছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের লেটার হেড ব্যবহার করে তার যোগদানপত্র তিনি নিজেই ২৩ ডিসেম্বর, ২০১৮ তারিখে ই মেইলে প্রেরণ করে এনডোরসড করায় এবং ০৬-১২-২০১৮ তারিখে বদলিকৃত কর্মস্থলে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করার মিথ্যা ঘোষণা প্রদান করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯-০২-২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩১.০০. ০৮৭.১৬-২৪০ নম্বর স্মারকমূলে ব্যাখ্যা প্রদানের অনুরোধ করা হয়। কিন্তু তার দাখিলকৃত জবাবে অভিযোগের বিষয়ে যথাযথ ব্যাখ্যা প্রদান না করে মিথ্যা তথ্য দেওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রাখ্য করা হয় ;

০৪। যেহেতু, জনাব মুহাম্মদ গোলামুর রহমান-এর বিরুদ্ধে আনীত অভিযোগে ০৯-০৬-২০১৯ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০. ০০৬.২০১৯-৩৫৪ নম্বর স্মারকে কারণ দর্শাতে বলা হলে তিনি ২০-০৬-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং ২৪-০৭-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বজ্রব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় জনাব মোঃ আহসান কবীর (পরিচিত নম্বর-৫৯৫৭) যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

০৫। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মুহাম্মদ গোলামুর রহমান-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাত্মিতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তিনি “অসদাচরণ” এর প্রমাণিত অভিযোগে দণ্ড পাওয়ার যোগ্য ;

০৬। সেহেতু, জনাব মুহাম্মদ গোলামুর রহমান (পরিচিত নম্বর-৬৮০৪), প্রাক্তন জেলা প্রশাসক, নাটোর বর্তমানে পরিচালক (উপসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাত্মিতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব এবং সার্বিক বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুসারে তাকে “০১ (এক) বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” রাখার লাঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যৎ বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। উল্লেখ্য তিনি ২৪-১১-২০১৮ তারিখে নাটোর জেলা প্রশাসকের কার্যালয় হতে অবযুক্ত হওয়ায় দুরত্ব বিবেচনায় সর্বমোট ০৮ (আট) কার্য দিবস যোগদানকাল প্রাপ্য হবেন। সে হিসেবে তিনি ১০-১২-২০১৮ তারিখ পর্যন্ত যোগদানকাল প্রাপ্য হবেন। কিন্তু তিনি ১৪-০১-২০১৯ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। অর্ধাং ১১-১২-২০১৮ হতে ১৩-০১-২০১৯ তারিখ পর্যন্ত মোট ৩৩(তেক্ষিণ) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। উক্ত ৩৩ (তেক্ষিণ) দিন সময়কে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ফরেজ আহমদ
সচিব।

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ট্রেজারি, ডিএসএল ও ইক্যুইটি ব্যবস্থাপনা অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ অক্টোবর ২০১৯/০৭ কার্তিক ১৪২৬

নং ০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫(অংশ-২)-৬৩—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে জনাব মোঃ সাঈদ আহমেদকে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালক (নিরীক্ষা চৰ্চা পুনৱীক্ষণ বিভাগ) পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০৪ (চার) বছর অথবা বয়স ৬৫ (পঁয়ষষ্ঠি) বছর যেটি আগে আগে হয়।

০২। ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালকের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি সরকার কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

০৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আব্দুর রউফ তালুকদার
সচিব।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রশাসন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ কার্তিক ১৪২৬/২৩ অক্টোবর ২০১৯

নং ০৮.০০.০০০০.০২৩.২৭.০২২.১৭-২৯৮—যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী প্রেগ্রামার, কাস্টমস্ বড কমিশনারেট, ঢাকায় কর্মরত থাকাবস্থায় জনাব মোঃ জহিরুল ইসলাম খান, পিতা-মৃত মোঃ আনোয়ার আলী খান, মাতা-মাহমুদা বেগম, জাতীয় পরিচয় পত্র নং-২৬৯৪৮০৯৯২১৪৯৭, বর্তমান ঠিকানা-(১) ৭১, গোলারটেক, মিরপুর, ঢাকা-১২১৬, (২) ম্যানেজার (কমার্শিয়াল), তামিশনা গুপ্ত, বাড়ি নং-৬৫, শাহ মাগদুম অভিনিউ, সেক্টর-১২, উত্তরা, ঢাকা-১২৩০-কে কর্তৃপক্ষের কোনূপ অনুমতি ব্যতিরেকে কাস্টমস্ বড কমিশনারেট, ঢাকা এর তিনটি নথির নোটাশের অংশ বিশেষ প্রদান করেন। জাতীয় রাজস্ব বোর্ডের গত ২৭-০৩-২০১৭ তারিখের অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে এ বিভাগের ০৫-০৪-২০১৭ তারিখে ৩৬৮ নম্বর স্মারকের মাধ্যমে জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী প্রেগ্রামার- কে ঢাকার হতে সাময়িক বরখাস্ত করা হয়।

০২। যেহেতু, এ বিভাগ কর্তৃক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রাখ্য করে অভিযোগবিবরণী ও অভিযোগনামা প্রেরণপূর্বক কারণ দর্শাতে বলা হলে তিনি ব্যক্তিগত শুনানী চান। গত ২১-০৫-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানীতে জনাব মোঃ মিজানুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১২-০৭-২০১৭ তারিখে জনাব মোহাম্মদ জাকির হোসেন, উপ-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৩। যেহেতু, গত ১০-০৬-২০১৮ তারিখে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

০৪। যেহেতু, আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ২৩-০৯-২০১৯ তারিখে জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী প্রোগ্রামার নির্দোষ মর্মে মতামত ব্যক্ত করেন।

০৫। সেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী প্রোগ্রামার (সাময়িক বরখাস্ত), কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা এর বিবুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) ধারায় বর্ণিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানসহ জনাব মোঃ মিজানুর রহমান-কে চাকরি থেকে সাময়িক বরখাস্ত সংক্রান্ত (প্রজ্ঞাপন নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.২৭.০২২.১৭-৩৬৮, তারিখ: ০৫-০৮-২০১৭) এতদ্বারা প্রত্যাহার করা হলো।

০৬। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় চাকরিকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক সকল ভাতা ও সুবিধাদি প্রাপ্ত হবেন।

০৭। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

অর্থ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ কার্তিক ১৪২৬/০৫ নভেম্বর ২০১৯

নং ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৭.১৯-৪৫৫—যেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের কর্মকর্তা জনাব জামশেদ মিনহাজ রহমান, প্রাক্তন প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(সি) মোতাবেক অনুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে দৈষী সাব্যস্ত করে উক্ত বিধিমালার ৪(৩)তি মোতাবেক সরকারি চাকরি হতে বরখাস্তকরণসূচক (Dismissal from Service) গুরুদণ্ড প্রদান করা হয়।

যেহেতু, তিনি উক্ত বরখাস্তকরণসূচক (Dismissal from Service) গুরুদণ্ড মওকুফের নিমিত্ত মাহামান্য রাষ্ট্রপতি সমীক্ষে আবেদন করলে মাহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে তাঁর আপিল আবেদন নামঙ্গুর করেন। পরবর্তীতে তিনি উক্ত গুরুদণ্ডের বিবুদ্ধে প্রশাসনিক ট্রাইবুনালে মামলা নং ১০৫/২০১৪ (পুরাতন) ও ১০৭/২০১৫ (নতুন) দায়ের করলে গত ২৯-০৮-২০১৮ তারিখে প্রশাসনিক ট্রাইবুনাল উক্ত মামলায় নিম্নরূপ রায়/আদেশ প্রদান করেন :

"That the Administrative Tribunal case be allowed on contest against the opposite party without any order as to costs.

The impugned order dated 31.12.2013 passed by the opposite party is illegal, void, unlawful and of no legal effect upon the petitioner and accordingly it is hereby set aside.

The opposite party is directed to reinstate the petitioner in his service and also directed to give arrear salaries and service benefits to him.

It is further ordered that the period of absent of the petitioner from dated 28.06.2010 to 31.08.2011 that is 1 year 2 months 3 days will be deemed as extra ordinary leave and also the absent period dated 01.09.2011 to 31.12.2012 that is 1 year 4 months will be deemed as study leave." উক্ত রায়/আদেশের বিবুদ্ধে উচ্চ আদালতে আপিল দায়েরের জন্য বিজ্ঞ উপ-সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়- কে অনুরোধ করা হলে সলিসিটর উইং, এটি/এএটি শাখা, সুপ্রীম কোর্ট কমপ্লেক্স, ঢাকা প্রশাসনিক ট্রাইবুনালে আপিল দায়ের প্রসঙ্গে মতামত প্রদান করে যে, প্রাসঙ্গিক বিষয়ে প্রশাসনিক ট্রাইবুনালের রায় ও আদেশ যথেষ্ট আইন ও তথ্য নির্ভর। ফলে প্রশাসনিক ট্রাইবুনাল ১০৫/২০১৪ (পুরাতন), ১০৭/২০১৫ (নতুন) মামলার রায় ও আদেশের বিবুদ্ধে প্রশাসনিক আপিল ট্রাইবুনালে আপিল দায়ের করা হলে তা আইনগত গ্রহণযোগ্য হবার বা ফল লাভের সম্ভাবনা ক্ষীণ। অধিকস্তু অহেতুক রাষ্ট্রীয় অর্থ ও সময়ের অপচয় হওয়ার আশংকা রয়েছে। এমতাবস্থায়, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইবুনাল, ঢাকা-২ এর এটি ১০৫/২০১৪ (পুরাতন) ও ১০৭/২০১৫ (নতুন), মামলার ২৯-০৮-২০১৮ তারিখের রায় ও আদেশের বিবুদ্ধে প্রশাসনিক আপিল ট্রাইবুনালে আপিল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইবুনাল এর এটি ১০৫/২০১৪ (পুরাতন) ও ১০৭/২০১৫ (নতুন) মামলার ২৯-০৮-২০১৮ তারিখের রায়/আদেশ এবং সলিসিটর উইং, এটি/এএটি শাখার মতামত এবং মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের কর্মকর্তা জনাব জামশেদ মিনহাজ রহমান, প্রাক্তন প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকা এর বিবুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ৩১-১২-২০১৩ তারিখের ০৭.০৮২.০২৭.০০.১৭২.২০১০.৩৮৩ নম্বর প্রজ্ঞাপনমূলে আরোপিত বরখাস্তকরণসূচক (Dismissal from Service) গুরুদণ্ড এতদ্বারা বাতিল করা হলো এবং তাঁকে চাকরিতে পুনর্বহাল করা হলো। তাঁর অনুকূলে ২৮-০৬-২০১০ হতে ৩১-০৮-২০১১ তারিখ পর্যন্ত মোট ১ বছর ২ মাস ৩ দিন অসাধারণ ছুটি এবং ০১-০৯-২০১১ হতে ৩১-১২-২০১২ তারিখ পর্যন্ত মোট ১ বছর ৪ মাস শিক্ষা ছুটি মঞ্জুর করা হলো। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইবুনালের আদেশ অনুযায়ী তিনি বকেয়া বেতন ও বিধি মোতাবেক চাকরি সংক্রান্ত অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আন্দুর রউফ তালুকদার

অর্থ সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

[শুল্ক]

বিশেষ আদেশ

তারিখ : ০৭ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ১৩০/২০১৯/শুল্ক/৬০২।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেসরকারি (আইভেট) প্রেমিজেসটি কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ১ কিলোমিটার (প্রায়) দূরে বন্দর সংরক্ষিত এলাকায় অবস্থিত মেসার্স সী ওয়েজেজ বণ্ডেড ওয়্যার হাউস লিঃ (বন্ড লাইসেন্স নং-এস-৮-৪৯/৮৭ (HB301SB04987), তারিখ : ২৬-০৮-১৯৮৯ খ্রিঃ) নামীয় বেসরকারি বণ্ডেড ওয়্যারহাউস (শীপ স্টোরস ও শীপ প্রভিশন্স) এর অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা (বন্ড লাইসেন্সে উল্লিখিত পণ্যসমূহ) নির্ধারণ করা হলো :

ক্রমিক নং	আমদানিত্বয় পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ)
১।	প্রভিশন ও ফুড, বণ্ডেড স্টোর (Provision & Food, Bonded Stores)	২০,০০০.০০
২।	বিদেশগামী জাহাজের নাবিক ও ক্রদের ব্যক্তিগত ও পারিবারিক সর্বপ্রকার ব্যবহার্য দ্রব্যাদি (সিগারেট, টোবাকো, অ্যালকোহলিক বেভারেজ, প্রসাধন সামগ্রী এবং বৈদ্যুতিক সরঞ্জাম) ;	৩০,০০০.০০
৩।	অন্যান্য	৬,৫০,০০০.০০
	মোট =	৭,০০,০০০.০০

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুলতান মোঃ ইকবাল

সদস্য (শুল্ক: রঞ্জানি, বন্ড ও আইটি)।

কাস্টমস

বিশেষ আদেশ

তারিখ : ০৮ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ১২৯/২০১৯/কাস্টমস/৫৯৪।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স র্যাঙ্গস ইলেকট্রনিক্স লিঃ (বন্ড লাইসেন্স নং-৮৫৭/কাস-এসবিডব্লিউ/২০১৩, তাঃ ১১-০৮-২০১৩ নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

ক্রমিক নং	পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
১.	সিগারেট/ টোব্যাকো	৮০,০০০.০০
২.	মদ/লিকার ও অন্যান্য ড্রিংক্স	৩৫,০০০.০০
৩.	অন্যান্য পণ্য (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইলেকট্রনিক্স, কনফেকশনারী ও কসমেটিক্স)	৫,০০০.০০
	সর্বমোট =	১,২০,০০০.০০

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুলতান মোঃ ইকবাল

সদস্য (শুল্ক: রঞ্জানি, বন্ড ও আইটি)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/২৯ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ১০.০০.০০০০.১২৫.২৭.০০৮.১৭.৯২৬—যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে চাঁদপুর জজশীপের সাবেক সহকারী জজ বর্তমানে ঢাকা জজশীপের সহকারী জজ বেগম সুমাইয়া রহমান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০৮/২০১৭ রঞ্জু করা হয় এবং অভিযোগনামা (১ম কারণ দর্শানোর নোটিশ) ও অভিযোগ বিবরণী তাঁর বরাবর প্রেরণ করা হয় ;

যেহেতু বেগম সুমাইয়া রহমান- কে কারণ দর্শনোর প্রেক্ষিতে তাঁর প্রদত্ত লিখিত জবাব ও মৌখিক বক্তব্যের আলোকে তাঁর বিরচকে বিভাগীয় মোকদ্দমা নং ০৪/২০১৭ এ আনীত অভিযোগসমূহ গুরুতর নয় বিধায় নবীন কর্মকর্তা বিবেচনায় তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে উক্ত মোকদ্দমার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করা হয় ;

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্ট উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করে ;

সেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে অভিযুক্ত কর্মকর্তা বেগম সুমাইয়া রহমান- কে ভবিষ্যতের জন্য সতর্ক করে তাঁর বিরচকে রঞ্জুকৃত বিভাগীয় মোকদ্দমা নং ০৪/২০১৭ এ আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম সারওয়ার
সচিব (দায়িত্বপ্রাপ্ত) ।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রশাসন-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬/২২ অক্টোবর ২০১৯

নং ২৫.০০.০০০০.০১৩.৯৯.০১৯.১২-১৬১—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের সদস্য ও গণপূর্ত অধিদপ্তরের অধীনস্ত গণপূর্ত ই/এম প্ল্যানিং সার্কেল, ঢাকা এর সহকারী প্রকৌশলী (ই/এম) জনাব মোঃ শরিফুল হককে Bangladesh Institute of Governance and Management এ ৪ (চার) সেমিস্টারব্যাপী সান্ধ্যকালীন Masters in Public Affairs (MPA) কোর্সে নিম্নোক্ত শর্তে অধ্যয়নের অনুমতি প্রদান করা হলো :

- (ক) তিনি প্রার্থিত বিষয় অধ্যয়নের জন্য নির্ধারিত সময় ব্যতীত কোনো প্রকার ছুটি দাবী করতে পারবেন না ;
- (খ) তিনি এ অনুমতির আলোকে কোনো বদলি বা পদায়ন বাতিলের আবেদন করতে পারবেন না ;
- (গ) তার উপর অর্পিত সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রতিবন্ধকতা হবে না ;
- (ঘ) অধ্যয়ন সংক্রান্ত যাবতীয় ব্যয় তিনি নিজে বহন করবেন । এতে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না এবং সরকারি সম্পদের ব্যবহার করা যাবে না ;
- (ঙ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শনো ব্যতিরেকে অনুমতি প্রত্যাহার করতে পারবে ;
- (চ) তিনি উল্লিখিত কোর্সে অধ্যয়নের কারণে তার উপর অর্পিত কোনো দাঙ্গরিক দায়িত্ব পালনে অপারগতা এবং শৈথিল্য প্রদর্শন করতে পারবেন না ।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোসাঃ সুরাইয়া বেগম
উপসচিব ।

প্রশাসন শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ কার্তিক ১৪২৬/২৩ অক্টোবর ২০১৯

নং ২৫.০০.০০০০.০১৯.০২.১৪.১৯৯৯-৬৮৩—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৮ এর ৫(১)(ট) এবং ২ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত ২ জন কাউন্সিলরকে আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৩ বছরের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে সরকার নিয়োগ প্রদান করলেন:

- (ক) জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর, ১৫ বাগমনিরাম ;
- (খ) জনাব হাসান মুরাদ বিপ্লব, কাউন্সিলর, ৩৩নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ড ।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

শ্যামলী নবী
উপসচিব ।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

শাখা-জামিস

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৪ অক্টোবর ২০১৯ খ্রি:

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮৬.১৮-১৪৬—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, মুসিগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা মুসিগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	এডভোকেট শামছুন নাহার শিল্পী, পিতা: মৃত- মোঃ হেলাল উদ্দিন, গ্রাম: পূর্ব দেওভোগ, উপজেলা ও জেলা: মুসিগঞ্জ।	চেয়ারম্যান
০২	১০(১)(ঘ)	শিক্ষিকা	প্রতিমা শিখা রায়, স্বামী- নবিন কুমার রায়, গ্রাম+উপজেলা: টঙ্গিবাড়ী, জেলা: মুসিগঞ্জ।	সদস্য
০৩	১০(১)(ঙ)	সমাজসেবী	রোকেয়া বেগম, স্বামী: জুলহাস ঢালী, গ্রাম: উত্তর মহাকালী, উপজেলা ও জেলা: মুসিগঞ্জ।	সদস্য
০৪	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	তাহমিনা আফরোজ রুমা, স্বামী: এডভোকেট আব্দুল মতিন, গ্রাম: মধ্যকোটগাঁও, উপজেলা ও জেলা- মুসিগঞ্জ।	সদস্য
০৫	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	হেলেনা ইয়াসমিন, স্বামী: আনোয়ার হোসেন দেলু, গ্রাম: শেখর নগর, উপজেলা: সিরাজদিখান, জেলা- মুসিগঞ্জ।	সদস্য

২। উপরোক্তিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের এডভোকেট শামছুন নাহার শিল্পী, পিতা: মৃত- মোঃ হেলাল উদ্দিন, উত্তর কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৪-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উত্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা ও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৫৪.১৮-১৪৭—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, লালমনিরহাট এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা লালমনিরহাট জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ঙ)	সমাজসেবী	অ্যাড. সফুরা বেগম রুমী (সাবেক সংসদ সদস্য), স্বামী- মোঃ আব্দুল্লাহ হোসেন, উকিলপাড়া, লালমনিরহাট।	চেয়ারম্যান
০২	১০(১)(ঘ)	শিক্ষিকা	জনাব মেহেরুন নাহার মেরী, স্বামী: অ্যাড. আশরাফ হোসেন বাদল, খোর্দ সাপটানা, লালমনিরহাট।	সদস্য
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব বেগম জিল্লে আরশে এলাহী, স্বামী: আনোয়ারুল ইসলাম, খোর্দ সাপটানা, লালমনিরহাট।	সদস্য
০৪	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব রাশিদা বেগম, স্বামী: মাহফুজার রহমান (খোকন), খোর্দ সাপটানা, লালমনিরহাট।	সদস্য
০৫	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব মোছাঃ আফরোজা বেগম মেরী, স্বামী- মোঃ আবদুল হাদী, নামাটারী, লালমনিরহাট।	সদস্য

২। উপরোক্তিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের অ্যাড. সফুরা বেগম রুমী, স্বামী- মোঃ আব্দুল্লাহ হোসেন, উত্তর কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৪-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উত্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা ও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.১০১.১৮-১৪৮—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা খাগড়াছড়ি পার্বত্য জেলা, জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিজ ক্রাইসাঞ্জে চৌধুরী, স্বামী- যতীন্দ্র লাল ত্রিপুরা, গ্রাম-রাজ্যমনি পাড়া, উপজেলা- খাগড়াছড়ি সদর, জেলা- খাগড়াছড়ি পার্বত্য জেলা।	চেয়ারম্যান
০২	১০(১)(ঘ)	শিক্ষিকা	মিজ শ্রীলা তালুকদার, প্রধান শিক্ষক, খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।	সদস্য
০৩	১০(১)(ঙ)	সমাজসেবী	মিজ সুইচিং থুই মারমা, স্বামী- উশ্যিংমং চৌধুরী, গ্রাম-মহিলা কলেজ পূর্ব রাস্তা, পুলিশ ফাঁড়ির সামনে, গোলাবাড়ি, উপজেলা-খাগড়াছড়ি সদর, জেলা- খাগড়াছড়ি পার্বত্য জেলা।	সদস্য
০৪	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিজ শাহিনা আক্তার, স্বামী- রফিকুল আলম, গ্রাম- মানিকছড়ি, উপজেলা: মানিকছড়ি, জেলা- খাগড়াছড়ি পার্বত্য জেলা।	সদস্য
০৫	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিজ ত্রিবিনি ত্রিপুরা, স্বামী-মুকুট ত্রিপুরা, গ্রাম-ঠাকুরছড়া, উপজেলা- খাগড়াছড়ি সদর, জেলা- খাগড়াছড়ি পার্বত্য জেলা।	সদস্য

২। উপরোক্তিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিজ ক্রাইসাঞ্জে চৌধুরী, স্বামী- যতীন্দ্র লাল ত্রিপুরা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৪-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
দিলীপ কুমার দেবনাথ
সিনিয়র সহকারী সচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৫ শাখা**

আদেশ

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৬/০৩ অক্টোবর ২০১৯

নং ২৬.০০.০০০০.০৯০.১৯.০১০.১৭-৩৫০—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১৫.০০১. ১৭.২৩৭ নম্বর স্মারক মূলে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন ‘রঞ্জনি উন্নয়ন বুরো’ এর ভাইস চেয়ারম্যান এর পদকে নিম্নবর্ণিত শর্তে ছেড়-১ এ উন্নীত করা হলো :

- (ক) সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধন না করা পর্যন্ত সরকার উক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে ;
- (খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত ক্ষেত্র প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে ; এবং
- (গ) এ সংক্রান্ত অন্যান্য বিধিগত সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে ।
- (ঘ) এ আদেশ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কার্যকর হবে ।

মোহাম্মদ ইকবাল হোসেন
উপসচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ১০ আগস্ট ১৪২৬/২৫ সেপ্টেম্বর ২০১৯

নং ২৬.০০.০০০০.০৯০.১৯.০১০.১৭-৩৩৮—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১৫.০০১. ১৭.২৩৭ নম্বর স্মারক মূলে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন ‘রাষ্ট্রান্তর উন্নয়ন বৃক্ষে’ এর ভাইস চেয়ারম্যান এর পদকে নিম্নবর্ণিত শর্তে হেড-১ এ উন্নীত করা হলো :

- (ক) সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রযোজনীয় সংশোধনী আনতে হবে। সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রযোজনীয় সংশোধন না করা পর্যন্ত সরকার উক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে;
- (খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত ক্ষেত্র প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে; এবং
- (গ) এ সংক্রান্ত অন্যান্য বিধিগত সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং প্রজ্ঞাপন জারির তারিখ থেকে পদ উন্নীতকরণ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ জালাল উদ্দিন
উপসচিব।

জননিরাপত্তা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

শৃঙ্খলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১২ কার্তিক ১৪২৬/২৮ অক্টোবর ২০১৯

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০১.১৮-১৭৪—যেহেতু, টাঙ্গাইল জেলার মির্জাপুর থানার সাবেক পুলিশ পরিদর্শক (তদন্ত) জনাব মোঃ নুরুল ইসলাম খান (বিপি-৭৩৯৭০৩৯৫৫৭) এর বিবৃদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় বিভাগীয় মামলা নম্বর ১০/২০১৭ তারিখ : ১৫-০৫-২০১৭ রুজু করা হয়। উক্ত বিধিমালার বিধি নম্বর ৪(২)(বি) মোতাবেক “লঘুদণ্ড” হিসেবে তার বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) আগামী প্রাপ্তি তারিখ হতে “০২ (দুই) বৎসরের জন্য স্থগিত” করা হয়।

২। যেহেতু, জনাব মোঃ নুরুল ইসলাম খান, টাঙ্গাইল জেলার মির্জাপুর থানায় নিরস্ত্র পুলিশ পরিদর্শক (তদন্ত) হিসেবে কর্মকালে গত ০২-০৫-২০১৪ তারিখে মোসাঃ হাসনা বেগম এর মেয়ে মনিরা আভারকে স্থানীয় বখাটে জাহাঙ্গীর আলম থান, পিতা বাহার উদ্দিন কর্তৃক উত্ত্যক্ত করার অভিযোগের বিষয়ে যথাসময়ে ব্যবস্থা গ্রহণ না করায় উক্ত বখাটে কর্তৃক অভিযোগকারীর বসত ঘরে পেট্রোল ঢেলে অগ্নিসংযোগ করে এবং এর ফলে অভিযোগকারী ও তার তৃতীয় মেয়েসহ একই পরিবারের ৪ (চার) জনের প্রানহানি ঘটে।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করলে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। বিভাগীয় মামলা নম্বর -১০/২০১৭ এ আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে লিখিত জবাব, মৌখিক বক্তব্য, প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন পর্যালোচনাতে তার বিবৃদ্ধে আনীত অদক্ষতা, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা ও গাফেলতি প্রদর্শন তথা অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রাথমিক অনুসন্ধানকারী কর্মকর্তার সাথে একমত পোষণ করে তাকে লঘুদণ্ড দেয়া হয়।

৪। যেহেতু, জনাব মোঃ নুরুল ইসলাম খান কর্তৃক প্রদত্ত শাস্তির আদেশের বিবৃদ্ধে সিনিয়র সচিব জননিরাপত্তা বিভাগ বরাবর আপিল আবেদন দাখিল করেন। দাখিলকৃত আপিল আবেদন, মামলার নথি ও আপিলকারীর বক্তব্য পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) ১৯৮৫ এর ৪(২)(বি) এর আদেশ মাত্রাতিরিক্ত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

৫। সেহেতু জনাব নুরুল ইসলাম খানকে গত ৩০-০৮-২০১৭ খ্রি: তারিখে বিভাগীয় মামলা নম্বর ১০/২০১৭ তারিখ ১৫-০৫-২০১৭ খ্রি: এ প্রদত্ত তার বার্ষিক বেতন বৃদ্ধি ((Increment) আগামী প্রাপ্য তারিখ হতে “০২ (দুই) বৎসরের জন্য স্থগিত” এর আদেশের স্থলে সরকারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি ((Increment) আগামী প্রাপ্য তারিখ হতে “০১(এক) বছরের জন্য স্থগিত” করা হলো। ভবিষ্যতে তিনি কোনো বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোস্তফা কামাল উদ্দীন
সিনিয়র সচিব।